শিশু, কিশোর-কিশোরী এবং ছাত্র-ছাত্রীদের জন্য ভ্রমণে মূল্যছাড়

1 সেপ্টেম্বর 2008 থেকে

zip
from oyster

সবচেয়ে ভাল সুযোগটি নিন

বাস, টিউব (Tube), ট্রাম ও ডিএলআর পরিষেবাগুলি এবং গ্রেটার লন্ডন-এর কিছু ন্যাশনাল রেল পরিষেবাগুলোতে শিশু, কিশোর-কিশোরী ও ছাত্র-ছাত্রীদের জন্য দারুণ ভ্রমণ ছাড় রয়েছে। তাই যদি আপনি একা বা একজন প্রাপ্তবয়স্কসহ কোথাও ভ্রমণ করেন, তবে আপনার জন্য সবচেয়ে ভাল সুযোগটি খুঁজে নেওয়ার জন্য পড়তে থাকুন।

আর অগ্রিম পরিকল্পনা করার কথা যেন মনে থাকে! আপনি বা আপনার উপর নির্ভরশীল কারোর যদি শীঘ্রই একটি জন্মদিন পালন করার থাকে, দেখে নিন সর্বোত্তম ভ্রমণ সুযোগ ভোগ অব্যাহত রাখার জন্য আপনার একটি নতুন অয়স্টার ফটোকার্ড-এর প্রয়োজন আছে কি না।

সূচিপত্র

ভ্রমণ ছাড়সমুহ:

11 বছর ও এর চেয়ে কমবয়সী 4

11-15 বছর বয়সী 7

16-19 বছর বয়সী 11

18+ স্টুডেন্ট (ছাত্র-ছাত্রী) 15

অয়স্টার ফটোকার্ড-এর ব্যবহার 17

বিহেভিয়ার কোড বা আচরণবিধি 22

অতি জিজ্ঞাসিত প্রশ্নসমুহ 23

আরো সাহায্য 24

11 বছর ও এর চেয়ে কমবয়সীদের জন্য ভ্রমণ

	5 বছরের কম বয়সী	5-10 বছর বয়সী
বাস ও ট্রাম	বিনামূল্যে	বিনামূল্যে
টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড	বিনামূল্যে	বিনামূল্যে

5 বছরের কমবয়সীদের জন্য ভ্রমণ

কেউ সাথে থাকলে 5 বছরের কমবয়সী শিশুরা **বিনামূল্যে** যে কোন জায়গায় যে কোন সময় বাস, টিউব (Tube), ট্রাম, ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবাগুলোতে ভ্রমণ করতে পারবে। এটি এতটাই সহজ।

5-10 বছর বয়সীদের জন্য ভ্রমণ

- বাস ও ট্রাম

5-10 বছরের সকল শিশুরা **বিনামূল্যে** কোন টিকেট অথবা অয়স্টার কার্ড ছাড়াই যে কোন জায়গায় যে কোন সময় ভ্রমণ করতে পারবে – দারুণ খবর!

- টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড।

একজন প্রাপ্তবয়স্কের সাথে 4 জন পর্যন্ত শিশু **বিনামূল্যে** কোন টিকেট অথবা অয়স্টার কার্ড ছাড়াই ভ্রমণ করতে পারবে। আপনি যদি কোন দলের সাথে ভ্রমণ করেন, তবে এটি দারুন অর্থসাশ্রয়ী একটি বাড়তি সুযোগ হতে পারে।

সঙ্গে থাকা প্রাপ্তবয়স্কের অবশ্যই একটি বৈধ টিকিট, অয়স্টার কার্ড বা ফ্রিডম পাস থাকতে হবে।

গেট দিয়ে আপনার দলটিকে প্রবেশ করতে দেওয়ার জন্য শুধু একজন কর্মচারীকে অনুরোধ করুন। অয়স্টার কার্ড ব্যবহারের ক্ষেত্রে প্রাপ্তবয়স্ক(দের)কে স্বাভাবিক সময়ের মতই স্পর্শ করে ঢুকতে হবে এবং স্পর্শ করে বের হতে হবে।

5-10 বছরের সকল শিশুরা **বিনামূল্যে** যে কোন সময় কোন প্রাপ্তবয়স্ক সঙ্গী না থাকলেও টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবায় ভ্রমণ করতে পারবে, যদি তাদের একটি 5-10 অয়স্টার ফটোকার্ড থাকে। একটি আন্ডার-14 বা চাইল্ড অয়স্টার ফটোকার্ড ব্যবহার করলে তাদেরকে শিশু-মূল্যে অয়স্টারে একবারের (সিঙ্গেল) ভাড়া চার্জ করা হবে।

5-10 বছর বয়সীদের জন্য ভ্রমণ

কখন 5-10 বছর বয়সীদের জন্য 5-10 অয়স্টার ফটোকার্ড-এর প্রয়োজন

- যে কোন সময় প্রাপ্তবয়স্ক কারো সঙ্গ ছাড়াই টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবাগুলোতে **বিনামূল্যে** ভ্রমণ করার জন্য
- লন্ডন-এ ন্যাশনাল রেল-এর পরিষেবাসমুহে ট্রাভেল কার্ড সিজন টিকেট কেনা ও ব্যবহার করার জন্য। (আপনি একই উদ্দেশ্যের জন্য ন্যাশনাল রেল চাইল্ড ফটোকার্ডও ব্যবহার করতে পারবেন)
- যদি তারা 11 বছর বয়সী হয় কিন্তু তার চেয়ে বেশী বয়সী দেখায়, তবে প্রাপ্তবয়স্ক কারো সঙ্গ ছাড়া টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবাতে **বিনামূল্যে** ভ্রমণের সুবিধা পেতে তাদের একটি 5-10 অয়স্টার ফটোকার্ড লাগবে।

কখন 5-10 বছর বয়সীদের জন্য অয়স্টার ফটোকার্ড-এর প্রয়োজন নেই

- বৈধ টিকেট, অয়স্টার কার্ড বা ফ্রিডম পাস আছে এরকম একজন প্রাপ্ত বয়স্ককে সঙ্গে নিয়ে **বিনামূল্যে** টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবাসমূহে ভ্রমণ করার জন্য
- বাস এবং ট্রাম-এ **বিনামূল্যে** ভ্রমণ করার জন্য
- শিশু-মূল্যে নগদ অর্থে একবারের (সিঙ্গেল) ডে ও 3 ডে ট্রাভেলকার্ড কেনার জন্য।

চাইল্ড এবং আন্ডার -14 ফটোকার্ড আর ইস্যু করা হয় না কিন্তু যদি আপনার শিশুদের এরকম একটি থেকে থাকে, তবে সে ন্যাশনাল রেলে ব্যবহারের জন্য সিজন টিকেট ক্রয় করতে এখনো এটি ব্যবহার করতে পারে।

আপনার শিশুর 5-10 অয়স্টার ফটোকার্ড কী ভাবে পাবেন

গ্রেটার লন্ডন ও লন্ডন-এর বারাগুলোর সীমানার অনতিদূরে যে এলাকাগুলোতে বাস, টিউব (Tube) ও লন্ডন ওভারগ্রাউন্ড নেটওয়ার্কের পরিষেবা পাওয়া যায় সেখানকার পোস্ট অফিস (Post Offices™) গুলোতে আবেদন ফরম পাওয়া যাবে।

5-10 অয়স্টার ফটোকার্ড-এর জন্য সকল আবেদন অবশ্যই আপনার স্থানীয় পোস্ট অফিস (Post Offices™) শাখাসমূহে করতে হবে। আপনাকে নিয়ে যেতে হবেঃ

- একটি পূরণ করা আবেদন ফরম
- একটি বৈধ পাসপোর্ট, ইউরোপীয় ইকোনমিক এরিয়া (EEA) থেকে পাওয়া একটি পরিচয়পত্র অথবা আপনার সন্তানের জন্ম সনদ*
- আপনার শিশুর একটি পাসপোর্ট সাইজ ছবি।

আবেদনটি সম্পন্ন হওয়ার জন্য ২ সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

যখন আপনি 5-10 অয়স্টার ফটোকার্ড পাবার জন্য অপেক্ষা করছেন

ভাড়া পরিশোধকারী একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি সঙ্গে থাকলে, **বিনামূল্যে** টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড-এ ভ্রমণ করার জন্য 5-10 বছর বয়সীদের কোন টিকেট-এর দরকার নেই। যদি আপনার শিশু কোন সঙ্গীবিহীনভাবে ভ্রমণ করতে চায়, তবে তার জন্য কোন অয়স্টার ফটোকার্ড ছাড়াই শিশু- মূল্যে নগদ অর্থে একবারের (সিঙ্গেল), ডে ও 3 ডে ট্রাভেলকার্ড কিনতে পারবে।

*এসবের কোনটিই যদি আপনার না থাকে, তবে আপনার স্কুল আপনার জন্ম তারিখ প্রত্যয়িত করতে পারবে।

আপনার শিশু কি শীঘ্রই 11 হচ্ছে?

আরো কী কী ভ্রমণ ছাড় আপনি পেতে পারেন, সেটি খুঁজে দেখার জন্য পড়তে থাকুন।

11-15 বছর বয়সীদের জন্য ভ্রমণ

বাস ও ট্রাম
অয়স্টার ফটোকার্ড সাথে থাকলে সব সময় **বিনামূল্যে**
টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড
• অয়স্টার ফটোকার্ড পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ব্যবহার করে £1 দিয়ে জোন 1- 6 পর্যন্ত সারাদিন যত খুশী ভ্রমণ করা যাবে • অয়স্টার ফটোকার্ড পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ব্যবহার করে £1 দিয়ে জোন 1- 9 পর্যন্ত যত খুশী অফ-পিক ভ্রমণ করা যাবে • অয়স্টার ফটোকার্ড-এর সাথে শিশু মূল্যের পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) এবং ট্রাভেলকার্ড সিজন টিকেট।

লন্ডন-এর বাস ও ট্রাম-এ বিনামূল্যে ভ্রমণ

বিনামূল্যে বাস ও ট্রাম-এ ভ্রমণের জন্য 11-15 বছর বয়সীদের একটি বৈধ অয়স্টার ফটোকার্ড (চাইল্ড, 11-15 বছর বয়সী, 14 বছরের কম বয়সী অথবা 16+) লাগবে। যদি তাদের এরকম একটি না থাকে, তাদেরকে অবশ্যই বাস ও ট্রাম-এ প্রত্যেকটি ভ্রমণের জন্য প্রাপ্তবয়স্কদের মূল্যে ভাড়া পরিশোধ করতে হবে।

কখন 11-15 বছর বয়সীদের জন্য অয়স্টার ফটোকার্ড-এর প্রয়োজন

- বাস এবং ট্রাম-এ **বিনামূল্যে** ভ্রমণ করার জন্য
- শিশু মূল্যে টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবাগুলোতে পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ভ্রমণ করার জন্য
- টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবায় 1-9 জোনে সর্বোচ্চ £1 পরিশোধ করে সারাদিনের পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) অফ-পিক ভ্রমণ এবং 1-6 জোনে সারাদিনের যত খুশী ভ্রমণের জন্য
- একটি ট্রাভেলকার্ড সিজন টিকেট কেনা ও ব্যবহারের জন্য। (ন্যাশনাল রেল-এ ও বৈধ)।

কখন 11-15 বছর বয়সীদের জন্য অয়স্টার ফটোকার্ড-এর প্রয়োজন নেই

- শিশু-মূল্যে নগদ অর্থে একবারের (সিঙ্গেল) ডে ও 3 ডে ট্রাভেলকার্ড কেনার জন্য
- যদি আপনার একটি বৈধ চাইল্ড, আন্ডার-14 কিংবা 14-15 অয়স্টার ফটোকার্ড থাকে, তবে মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্ব পর্যন্ত 11-15 অয়স্টার ফটোকার্ড-এর মতই এর ব্যবহার অব্যাহত রাখতে পারবেন।

টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবাসমূহ

এক পাউন্ড দিয়ে অফ-পিক সময়ে ভ্রমণ!

যদি আপনি 11-15 বছর বয়সী হন এবং পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) অয়স্টার ফটোকার্ড ব্যবহার করেন, তবে আপনি £1 দিয়ে জোন 1-9 পর্যন্ত (1-6 জোন পর্যন্ত সারাদিন) যত খুশী অফ-পিক ভ্রমণ করতে পারবেন। এর অর্থ হচ্ছে, জোন 1-6 পর্যন্ত আপনি £1-এর বেশী না দিয়ে যত বার খুশী ভ্রমণ করতে পারবেন।

ট্রাভেলকার্ডধারী একজন প্রাপ্তবয়স্কের সঙ্গে থাকা 4 জন পর্যন্ত 11-15 বয়সী প্রত্যেকে শুধুমাত্র £1 দিয়ে একটি জোন 1-9 অফ-পিক ডে ট্রাভেলকার্ড কিনতে পারবে। শুধু এই ব্যাপারে নিশ্চিত হোন যে প্রাপ্তবয়স্ক ব্যক্তির একটি বৈধ মুদ্রিত ট্রাভেলকার্ড অথবা ট্রাভেলকার্ডযুক্ত একটি অয়স্টার কার্ড রয়েছে।

অফ-পিক-এ সোমবার-শুক্রবার (0930 ঘটিকা থেকে) পর্যন্ত এবং সপ্তাহান্তের সকল দিন ও সরকারী ছুটির দিনগুলো অন্তর্ভুক্ত।

কী ভাবে আপনি আপনার 11-15 অয়স্টার ফটোকার্ড পাবেন

গ্রেটার লন্ডন ও লন্ডন-এর বারাগুলোর সীমানার অনতিদূরে যে এলাকাগুলোতে বাস, টিউব (Tube), ও লন্ডন ওভারগ্রাউন্ড নেটওয়ার্ক-এর পরিষেবা পাওয়া যায়, সেখানকার পোস্ট অফিস (Post Offices™) গুলোতে আবেদন ফরম পাওয়া যাবে।

আপনার প্রথম অয়স্টার ফটোকার্ড-এর জন্য অবশ্যই আপনার স্থানীয় পোস্ট অফিস (Post Offices™) শাখাসমূহে আবেদন করতে হবে। আপনাকে নিয়ে যেতে হবে:

- একটি পূরণ করা আবেদন ফরম
- একটি বৈধ পাসপোর্ট, ইউরোপীয় ইকোনমিক এরিয়া (EEA) থেকে পাওয়া একটি পরিচয়পত্র অথবা আপনার সন্তানের জন্ম সনদ*
- একটি পাসপোর্ট সাইজের ছবি।

*এসবের কোনটিই যদি আপনার না থাকে, তবে আপনার স্কুল আপনার জন্ম তারিখ প্রত্যয়িত করতে পারবে।

আপনার আবেদনটি সম্পন্ন হওয়ার জন্য 2 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আপনি 11-15 অয়স্টার ফটোকার্ড-এর জন্য আবেদন করতে পারেন যদি আপনার বয়স 16 বছর হয় যতক্ষণ পর্যন্ত বর্তমান শিক্ষাবর্ষ শুরুর পূর্বে 31 আগস্ট তারিখে বয়স 16 বছরের কম হয়।

আপনি যখন 11-15 অয়স্টার ফটোকার্ড-এর জন্য অপেক্ষা করছেন

আপনি শিশু-মূল্যে নগদ অর্থে টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবাসমূহের জন্য অয়স্টার কার্ড ছাড়াই একবারের (সিঙ্গেল) ডে এবং 3 ডে ট্রাভেল কার্ড কিনতে পারবেন।

আপনি যদি বাস অথবা ট্রাম-এ ভ্রমণ করতে চান, সেক্ষেত্রে আপনাকে প্রাপ্তবয়স্ক-মূল্যে পরিশোধ করতে হবে (যদি না আপনার একটি বৈধ ডে বা 3 ডে ট্রাভেলকার্ড থাকে), তাই সময় থাকতে 11-15 অয়স্টার ফটোকার্ড-এর জন্য আবেদন করা নিশ্চিত করুন। যদি 2 সপ্তাহের মধ্যে আপনার অয়স্টার ফটোকার্ড না আসে, তবে **0845 330 9876* নম্বর-এ আপনার আবেদনপত্রের রেফারেন্স নম্বর উল্লেখপূর্বক ফোন করুন।**

আপনার আবেদন ফরম এবং পোস্ট অফিসের (Post Office™) রসিদ বিনামূল্যে ভ্রমণের সুবিধা অথবা শিশু-মূল্যে সিজন টিকেট পাওয়ার ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।

আপনি কি শীঘ্রই 16 হচ্ছেন?

আরো কী কী ভ্রমণ ছাড় আপনি পেতে পারেন, সেটি খুঁজে দেখার জন্য পড়তে থাকুন।

* বিটি আবাসিক গ্রাহকদের জন্য অয়স্টার হেল্প লাইনে প্রতি মিনিটে কলের খরচ 3.5 পেন্সের বেশী হবে না (বর্তমান জুলাই 2008-এ)। বিটি ছাড়া অন্য ফোন লাইন থেকে খরচ ভিন্ন হতে পারে।

16-19 বছর বয়সীদের জন্য ভ্রমণ

লন্ডন-এ বসবাসকারী পূর্ণকালীন শিক্ষা বা প্রশিক্ষণরত 16-19 বছর বয়সী	সকল 16-17 বছর বয়সী
বাস ও ট্রাম	
বিনামূল্যে	অর্ধেক প্রাপ্তবয়স্ক-মূল্যে
টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড	
অর্ধেক প্রাপ্তবয়স্ক-মূল্যে	অর্ধেক প্রাপ্তবয়স্ক-মূল্যে

লন্ডন-এর বাস ও ট্রাম-এ বিনামূল্যে ভ্রমণ

আপনি **বিনামূল্যে** বাসে এবং ট্রাম-এ ভ্রমণ করতে পারবেন যদি:

- যদি বর্তমান শিক্ষাবর্ষ শুরুর আগে 31 আগস্ট-এ আপনার বয়স 16-18 বছরের মধ্যে হয় **এবং**
- আপনি পূর্ণকালীন শিক্ষায়** থাকেন **এবং**
- আপনি লন্ডন-এর কোন বারাতে বসবাস করেন।

এছাড়া আপনি টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড এবং ন্যাশনাল রেল-এর কিছু পরিষেবায় অর্ধেক প্রাপ্তবয়স্ক-মূল্যে পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ভ্রমণ করতে এবং অর্ধেক প্রাপ্তবয়স্ক-মূল্যে ট্রাভেল কার্ড সিজন টিকেট কিনতে পারবেন।

** মানসম্পন্ন পূর্ণকালীন শিক্ষা ও কাজ-ভিত্তিক শিক্ষা কর্মসূচী সম্পর্কে আমাদের সংজ্ঞা সম্পর্কে বিস্তারিত জানতে tfl.gov.uk/fares-এ যান অথবা একটি 16+ অয়স্টার ফটোকার্ড-এর আবেদন ফরম নিন।

আপনি যদি 16 বা 17 হন কিন্তু **বিনামূল্যে** বাস এবং ট্রাম-এ ভ্রমণের জন্য অযোগ্য হন, তবুও অর্ধেক প্রাপ্তবয়স্ক-মূল্যে আপনি পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান), বাস পাস ও ট্রাভেলকার্ড সিজন টিকেট কিনতে পারবেন যদি আপনার একটি 16+ অয়স্টার ফটোকার্ড থাকে।

সঞ্চয়ের এই চমৎকার সুবিধা নেবার জন্য, আপনাকে একটি 16+ অয়স্টার ফটোকার্ড-এর জন্য আবেদন করতে হবে।

কখন 16-18 বছর বয়সীদের অয়স্টার ফটোকার্ড প্রয়োজন

- প্রাপ্তবয়স্ক-মূল্যের অর্ধেক মূল্যে পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান), 7 দিন, মাসিক এবং এর চেয়েও বেশী মেয়াদের ট্রাভেল কার্ড (ন্যাশনাল রেল-এ ও বৈধ) এবং বাস পাস কিনতে
- **বিনামূল্যে** বাস ও ট্রাম-এ (বিস্তারিত বিবরণ 11 পৃষ্ঠায় দেখুন) এবং অর্ধেক প্রাপ্তবয়স্ক-মূল্যে টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবাগুলোতে পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ভ্রমণে (এবং একটি ট্রাভেল কার্ড সিজন টিকেটে ন্যাশনাল রেলে)।

কী ভাবে আপনি আপনার 16+ অয়স্টার ফটোকার্ড পাবেন

গ্রেটার লন্ডন ও লন্ডন-এর বারাগুলোর সীমানার অনতিদূরে যে এলাকাগুলোতে বাস, টিউব (Tube), এবং লন্ডন ওভারগ্রাউন্ড নেটওয়ার্কের পরিষেবা পাওয়া যায় সেখানকার পোস্ট অফিস (Post Offices™) গুলোতে আবেদন ফরম পাওয়া যাবে। আপনার প্রথম অয়স্টার ফটোকার্ড-এর জন্য আবেদন অবশ্যই আপনার স্থানীয় পোস্ট অফিস (Post Office™) শাখাসমূহে করতে হবে। আপনাকে নিয়ে যেতে হবে:

- একটি পূরণ করা আবেদন ফরম
- একটি বৈধ পাসপোর্ট, ইউরোপীয় ইকোনমিক এরিয়া (EEA) থেকে পাওয়া একটি পরিচয়পত্র অথবা আপনার সন্তানের জন্ম সনদ
- একটি পাসপোর্ট সাইজের ছবি।

আপনি যদি **বিনামূল্যে** বাস ও ট্রাম-এ ভ্রমণের জন্য আবেদন করতে চান, তবে আপনাকে এছাড়াও:

- আপনার স্কুল বা কলেজ থেকে আবেদন ফরমটিকে প্রত্যায়িত করতে হবে
- আপনি যে লন্ডন বারাতে বসবাস করেন তার একটি প্রমাণ দিন, যেমন একটি ইউটিলিটি বিল, কাউন্সিল ট্যাক্স বিল বা ড্রাইভিং লাইসেন্স (মোবাইল ফোন বিল গ্রহণযোগ্য নয়)। এগুলো আপনার বাবা-মা/ অভিভাবকের নামেও হতে পারে, তবে তা অবশ্যই আপনার আবেদনপত্রে ব্যবহৃত একই ঠিকানার হতে হবে।

আপনার আবেদনটি সম্পন্ন হওয়ার জন্য 2 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

বিনামূল্যে ভ্রমণ কিংবা অর্ধেক প্রাপ্তবয়স্ক-মূল্যের সিজন টিকেট পাওয়ার জন্য আপনার আবেদন ফরম বা পোস্ট অফিসের (Post Office™) রসিদ ব্যবহার করা যাবে না।

যখন আপনি আপনার 16+ অয়স্টার ফটোকার্ড-এর জন্য অপেক্ষা করছেন

আপনি আপনার বর্তমান 11-15, 14-15 অথবা চাইল্ড অয়স্টার ফটোকার্ড সেই সময় পর্যন্ত ব্যবহার করা অব্যাহত রাখতে পারবেন যতক্ষণ না কার্ড-এর উপরিভাগে মুদ্রিত মেয়াদ উত্তীর্ণ হয়।

আপনার যদি একটি বর্তমান 16+ অয়স্টার ফটোকার্ড থাকে, তবে এর উপরিভাগে মুদ্রিত মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত **বিনামূল্যে** বাস ও ট্রাম-এ ভ্রমণে একে ব্যবহার করতে পারবেন। যদি আপনার **বিনামূল্যে** ভ্রমণের মেয়াদ উত্তীর্ণ হয়, তবে কার্ড-এর পেছনে মুদ্রিত তারিখ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত অর্ধেক প্রাপ্তবয়স্ক-মূল্যে ভ্রমণে আপনার 16+ অয়স্টার ফটোকার্ড ব্যবহার অব্যাহত রাখতে পারবেন।

আপনার যদি কোন বর্তমান অয়স্টার ফটোকার্ড না থাকে, তবে আপনার আবেদনপত্র সম্পন্ন হওয়া কালীন সময়ে আপনাকে প্রাপ্তবয়স্ক মূল্য পরিশোধ করতে হবে।

যদি দু'সপ্তাহের মধ্যে আপনার 16+ অয়স্টার ফটোকার্ড না আসে, তবে **অনুগ্রহপূর্বক 0845 330 9876* নম্বর-এ আপনার আবেদনপত্রের রেফারেন্স নম্বর উল্লেখ করে ফোন করুন**।

আপনি কি লন্ডন-এ আপনার পড়ালেখা অব্যাহত রাখার কথা ভাবছেন?

আরো কী কী ভ্রমণ ছাড় আপনি পেতে পারেন, সেটি খুঁজে দেখার জন্য পড়তে থাকুন।

* বিটি আবাসিক গ্রাহকদের জন্য অয়স্টার হেল্প লাইনে প্রতি মিনিটে কলের খরচ 3.5 পেন্সের বেশী হবে না (বর্তমান জুলাই 2008-এ)। বিটি ছাড়া অন্য ফোন লাইন থেকে খরচ ভিন্ন হতে পারে।

18+ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের জন্য ভ্রমণ

18+ স্টুডেন্ট (ছাত্রছাত্রী)	
বাস ও ট্রাম	ট্রাভেলকার্ড ও বাস পাস সিজন টিকেটে 30% ছাড়
টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবা	ট্রাভেলকার্ড সিজন টিকেটে 30% ছাড়

যেসব ছাত্র-ছাত্রীর বয়স 18 বছর ও এর চেয়ে বেশী এবং টিএফএল স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ড স্কিমে নিবন্ধিত বিশ্ববিদ্যালয়, কলেজ বা স্কুলগুলোর কোনটিতে একটি পূর্ণকালীন কোর্সে (এবং বিশেষ কিছু পরিস্থিতিতে একটি খণ্ডকালীন কোর্সে) ভর্তি আছেন এবং হাজির হচ্ছেন তারা 18+ স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ড পেতে পারেন।

কখন 18+ ছাত্র-ছাত্রীর একটি অয়স্টার ফটোকার্ড প্রয়োজন

প্রাপ্তবয়স্ক-মূল্যে ট্রাভেলকার্ড (ন্যাশনাল রেল-এর বৈধ) এবং বাস পাস সিজন টিকেটে 30% ছাড় পেতে। যদি আপনি বিশ্ববিদ্যালয়/ কলেজ-এ নিয়মিত যাওয়া-আসা করেন, এটি হচ্ছে ভ্রমণের তুলনামূলক সাশ্রয়ী উপায়।

শুধু অয়স্টার পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ব্যবহারকারী ছাত্রছাত্রীদের 18+ স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ড-এর প্রয়োজন নেই এবং তাদের একটি মানসম্মত প্রাপ্তবয়স্ক অয়স্টার কার্ড নেওয়া উচিত।

18+ স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ড সম্পর্কে আরো তথ্যের জন্য **tfl.gov.uk/fares** ওয়েবসাইট দেখুন।

কীভাবে আপনি আপনার 18+ স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ড পাবেন

আপনার বিশ্ববিদ্যালয়/ কলেজ/ স্কুল অনলাইন-এ আবেদন গ্রহণ করে কি না এটি দেখার জন্য **tfl.gov.uk/photocard** ওয়েবসাইট দেখুন। এটি হলো আবেদনের দ্রুততম ও সহজতম উপায়।

অনলাইন-এ আবেদন করার জন্য আপনার প্রয়োজন হবে:

- আপনার ভর্তি নম্বর
- আপনি যদি এক বছরের বা এক বছরের কম সময়ের অথবা এমন একটি কোর্সে যেটি সাধারণ শিক্ষাবর্ষ নয় (তার মানে হচ্ছে, যেটি সেপ্টেম্বর/ অক্টোবরে শুরু হয়নি) ভর্তি থাকলে সেক্ষেত্রে সেই কোর্সের তারিখ
- একটি ডিজিটাল ছবি
- £5 আবেদন ফিস পরিশোধের জন্য একটি ডেবিট বা ক্রেডিট কার্ড।

আপনি যদি অনলাইন-এ আবেদন করতে অপারগ হন, সেক্ষেত্রে আপনার শিক্ষা প্রতিষ্ঠান থেকে আপনাকে একটি আবেদন ফরম আনতে হবে (আপনাকে যাচাই করে নিতে হবে যে এটি টিএফএল 18+ স্টুডেন্ট স্কিমে নিবন্ধিত কি না)।

আরো তথ্যের জন্য, **tfl.gov.uk/fares** ওয়েবসাইট দেখুন বা আমাদের হেল্পলাইন **0845 330 9876*** (দৈনিক 0800 ঘটিকা থেকে 2000 ঘটিকা) নম্বর-এ ফোন করুন।

আপনি যখন আপনার 18+ স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ড-এর জন্য অপেক্ষা করছেন

আবেদন প্রক্রিয়া সম্পন্ন হতে 2 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আপনার 18+ স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ড না আসা পর্যন্ত আপনাকে পূর্ণ বয়স্ক-মূল্য পরিশোধ করতে হবে।

যদি আপনার 18+ স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ড দু'সপ্তাহের মধ্যে না আসে, তবে অনুগ্রহপূর্বক আপনার আবেদনপত্রের রেফারেন্স নম্বর উল্লেখ করে **0845 330 9876*** নম্বর-এ ফোন করুন।

* বিটি আবাসিক গ্রাহকদের জন্য অয়স্টার হেল্প লাইনে প্রতি মিনিটে কলের খরচ 3.5 পেন্সের বেশী হবে না (বর্তমান জুলাই 2008-এ)। বিটি ছাড়া অন্য ফোন লাইন থেকে খরচ ভিন্ন হতে পারে।

অয়স্টার ফটোকার্ড-এর ব্যবহার

আপনার অয়স্টার ফটোকার্ডে সিজন টিকেট অথবা নগদ অর্থ পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) কী ভাবে যোগ করবেন।

শুধুমাত্র **বিনামূল্যে** ভ্রমণ ছাড় (ট্রাভেল কনসেশন) ব্যবহারের সময় ছাড়া সমস্ত অয়স্টার ফটোকার্ড-এর ক্ষেত্রেই ভ্রমণ করার পূর্বে, পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) অথবা একটি সিজন টিকেট সংযুক্ত করার জন্য আপনাকে নগদ অর্থ যোগ করতে হবে। আপনি এটি নিম্নের জায়গাগুলোতে করতে পারবেন:

- অয়স্টার টিকেট স্টপস
- টিউব (Tube) ও লন্ডন ওভারগ্রাউন্ড ষ্টেশনের টাচ্স্ক্রিন টিকেট মেশিনগুলো ও টিকেট অফিসগুলো
- ট্রাভেল ইনফরমেশন সেন্টারগুলো।

এর পর, আপনি যেকোন সময় অর্থ যোগ করতে পারবেন পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) অথবা আরো একটি সিজন টিকেট সংযুক্ত করার জন্য, কিন্তু আপনার অয়স্টার ফটোকার্ডটি তখনও বৈধ থাকতে হবে। কার্ডধারী শুধুমাত্র একটি সিজন টিকেট পেতে পারেন যার মেয়াদ তাদের ছাড়ের মেয়াদ উত্তীর্ণের তারিখে অথবা এর আগে উত্তীর্ণ হবে।

ন্যাশনাল রেলে অয়স্টারের মাধ্যমে পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ভ্রমণ

কিছু ন্যাশনাল রেল পরিষেবাতে আপনি পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ভ্রমণে ভাড়া পরিশোধের জন্য অয়স্টার ফটোকার্ড ব্যবহার করতে পারবেন:

- অ্যামারশাম থেকে মেরিলিবোর্ন
- ফিন্সব্যুরি পার্ক থেকে কিংস ক্রস/ মুরগেইট
- আপমিনস্টার/ রেইনহ্যাম (এসেক্স) থেকে বার্কিং হয়ে ফেন্চার্চ স্ট্রিট/ লিভারপুল স্ট্রিট (কিন্তু ফরেস্টগেইট/ মেরিল্যান্ড -এ নয়)
- গ্রিনফোর্ড/ ওয়েস্ট ড্রেয়টন* থেকে লন্ডন প্যাডিংটন
- স্ট্র্যাটফোর্ড থেকে লিভারপুল স্ট্রিট
- টটেনহাম হেইল/ সেভেন সিস্টারস থেকে স্ট্র্যাটফোর্ড
- ওয়াল্থামস্টো সেন্ট্রাল/ টটেনহাম হেইল/ সেভেন সিস্টারস থেকে লিভারপুল স্ট্রিট
- ওয়াটফোর্ড জাংশন থেকে ইউস্টোন (লন্ডন মিডল্যান্ড)
- ওয়াটফোর্ড জাংশন থেকে ক্লাপহ্যাম জাংশন (সাউদার্ন)
- ওয়েস্ট হ্যামস্টিড টেম্সলিংক থেকে মুরগেট/ এলিফ্যান্ট এন্ড ক্যাসেল/ লন্ডন ব্রিজ
- ওয়েস্ট রায়স্লিপ থেকে মেরিলিবোন/ প্যাডিংটন।

আপনি সকল লন্ডন ওভারগ্রাউন্ড পরিষেবায়ও পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ব্যবহার করতে পারবেন।

পে এজ ইউ গো গ্রহণকারী ন্যাশনাল রেল পরিষেবাগুলোতে বছর চলাকালীন পরিবর্তন করা হতে পারে। অনুগ্রহপূর্বক হালনাগাদ তথ্যের জন্য **tfl.gov.uk/fares** দেখুন।

*আপনার পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) বৈধ এটা নিশ্চিত হওয়ার জন্য ভ্রমণের পূর্বে tfl.gov.uk/fares পরীক্ষা করুন অথবা ট্রেন অপারেটিং কোম্পানিকে ফোন করুন।

আপনার অয়স্টার কার্ড-এর সঠিক ব্যবহার

- বাস, টিউব (Tube), ট্রাম, ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড -এ যখনই ভ্রমণ করবেন আপনাকে তখনই **টাচ্-ইন** বা স্পর্শ করে প্রবেশ করতে এবং টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড থেকে বের হওয়ার সময় হলুদ রিডারে **টাচ্-আউট** বা স্পর্শ করে বের হতে হবে। আপনি যদি তা না করেন, তবে হয়তো আপনাকে প্রয়োজনাতিরিক্ত ভাড়া পরিশোধ করতে হতে পারে, অথবা আপনাকে পেনাল্টি ফেয়ার প্রদান করতে হতে পারে বা আপনার বিরুদ্ধে মামলা করা হতে পারে
- আপনি যদি আপনার অয়স্টার ফটোকার্ডে একটি বৈধ টিকেট ছাড়া ভ্রমণ করেন, পে এজ ইউ গো ব্যবহারকালে হলুদ রিডারে স্পর্শ না করেন বা যেখানে দরকার আপনার **বিনামূল্যে** ভ্রমণের জন্য একটি বৈধ অয়স্টার ফটোকার্ড না থাকে সেক্ষেত্রে আপনাকে পেনাল্টি ফেয়ার প্রদান করতে হতে পারে বা আপনার বিরুদ্ধে মামলা করা হতে পারে
- আপনার অয়স্টার ফটোকার্ডটির যত্ন নিন
- আপনার অয়স্টার ফটোকার্ডটির কোন রকম বিকৃতি বা ক্ষতি করবেন না-যদি করেন তাহলে আপনি আপনার ভ্রমণ ছাড় হারাতে পারেন
- আপনার বয়স যদি 11-15 বছরের হয় এবং আপনি আপনার অয়স্টার ফটোকার্ড ব্যবহার না করেন সেক্ষেত্রে লন্ডন-এর বাস ও ট্রাম-এ আপনাকে পূর্ণ পূর্ণবয়স্ক-মূল্য পরিশোধ করতে হবে। যদি না আপনার একটি বৈধ চাইল্ড রেট, ডে অথবা 3 ডে ট্রাভেল কার্ড থাকে
- আপনি যদি আপনার 16+ অয়স্টার ফটোকার্ড বা 18+ স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ড ব্যবহার না করেন, তবে আপনাকে পূর্ণ পূর্ণবয়স্ক-মূল্য পরিশোধ করতে হবে
- আপনার কাছে যদি একটি চাইল্ড, 11-15, অনুর্ধ 14 বা 14-15 অয়স্টার ফটোকার্ড থাকে এবং আপনি যদি বিহেভিয়ার কোড বা আচরণবিধির কোন শর্ত ভঙ্গ করেন, তবে (বিস্তারিত 22 এর পাতায়) আপনার **বিনামূল্যে** ভ্রমণ প্রত্যাহার করে নেওয়া হতে পারে
- যদি আপনার একটি 16+ অয়স্টার ফটোকার্ড থাকে এবং আচরণবিধি অনুসরণ না করেন (বিস্তারিত 22 এর পাতায়) আপনার অয়স্টার ফটোকার্ড ও ছাড়যুক্ত ভ্রমণ চিরতরে প্রত্যাহার করে নেওয়া হতে পারে
- আপনি আপনার অয়স্টার কার্ড লন্ডন আণ্ডারগ্রাউন্ড স্টেশন, অয়স্টার টিকেট স্টপ, লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশন, লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টার এবং কিছু ন্যাশনাল রেল স্টেশন-এ টপ-আপ করতে পারবেন। আরো তথ্যের জন্য **tfl.gov.uk/fares** ওয়েবসাইট দেখুন।

বাসে অয়স্টার

বাসে আরোহণ করার সময় সবসময় হলুদ রিডারে টাচ্-ইন বা স্পর্শ করে প্রবেশ করবেন এবং সবুজ বাতি জ্বলছে কি না নিশ্চিত হবেন।

ট্রাম-এ অয়স্টার

ট্রাম-এ আরোহণ করার পূর্বে প্লাটফর্মের হলুদ রিডারে সবসময় টাচ্-ইন বা স্পর্শ করে প্রবেশ করবেন এবং সবুজ বাতি জ্বলছে কি না নিশ্চিত হবেন।

টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড-এ অয়স্টার

সবসময় ভ্রমণের শুরু ও শেষে হলুদ রিডারে টাচ্-ইন বা স্পর্শ করে প্রবেশ করে এবং টাচ্-আউট বা স্পর্শ করে বের হবেন এবং সবুজ বাতি জ্বলছে কি না নিশ্চিত হবেন।

যদি আপনাকে ভুলভাবে চার্জ করা হয়, তবে আপনি পে এজ ইউ গো (ভ্রমণের সময়ে মূল্য প্রদান) ভ্রমণে ফেরত পাবার জন্য অয়স্টার হেল্পলাইনের **0845 330 9876*** নম্বর-এ ফোন করে আবেদন করতে পারবেন (দৈনিক 0800 থেকে 2000)।

* বিটি আবাসিক গ্রাহকদের জন্য অয়স্টার হেল্প লাইনে প্রতি মিনিটে কলের খরচ 3.5 পেন্সের বেশী হবে না (বর্তমান জুলাই 2008-এ)। বিটি ছাড়া অন্য ফোন লাইন থেকে খরচ ভিন্ন হতে পারে।

সবসময় নিশ্চিত হবেন যে আপনি সবুজ বাতি পাচ্ছেন

আপনি যদি লাল বাতি পান, তবে অনুগ্রহ করে রিডারে আপনার কার্ডটি আরেকবার স্পর্শ করুন, এর পরেও যদি এটি গৃহীত না হয়, তবে চালকের সাথে বা কোন কর্মচারীর সাথে কথা বলুন। আপনার কার্ড যদি গৃহীত না হয় সেক্ষেত্রে আপনাকে হয়তো নগদ ভাড়া পরিশোধ করতে বলা হতে পারে। এমন সমস্যা যদি পুনঃ পুনঃ ঘটতে থাকে, তবে অনুগ্রহ করে অয়স্টার হেল্পলাইনে যোগাযোগ করুন।

যদি উইম্বলডনে যাতায়াত করতে আপনি ট্রাম ব্যবহার করেন

উইম্বলডনে ট্রাম-এ ভ্রমণের সময় যাত্রার শুরুতে হলুদ রিডারে টাচ্-ইন বা স্পর্শ করে প্রবেশ করবেন এবং যখন স্টেশন ত্যাগ করছেন তখন গেট-এ টাচ্-আউট বা স্পর্শ করে বের হবেন। উইম্বলডন থেকে ট্রাম-এ ভ্রমণের সময় স্টেশন-এ প্রবেশকালে সবসময় টিকেট গেট-এ হলুদ রিডারে টাচ্-ইন করবেন এবং আবার আরোহণের পূর্বে ট্রাম প্লাটফর্মের হলুদ রিডারে করবেন। স্টেশন ত্যাগের প্রাক্কালে হস্তচালিত গেট-এ হলুদ রিডার ব্যবহার করবেন না।

যদি আপনার ফটোকার্ড হারিয়ে যায় বা চুরি হয়ে যায় তাহলে কী করতে হবে

আপনার অয়স্টার ফটোকার্ডটি যদি হারিয়ে যায়, চুরি হয়ে যায় কিংবা কাজ না করে, তবে আপনি একটি ডুপ্লিকেট ফটোকার্ড-এর জন্য পোস্ট অফিস (Post Office™)-এ আর আবেদন করতে পারবেন না। এর পরিবর্তে আপনাকে **tfl.gov.uk/photocard** অনলাইন-এ আবেদন করতে হবে, এক্ষেত্রে আপনার শেষ আবেদন ফরম থেকে আপনার পুরনো ফটোকার্ড নম্বর বা রেফারেন্স নম্বর-এর প্রয়োজন হবে। অথবা আপনাকে **0845 331 9872*** নম্বর-এ ফোন করতে হবে। আপনার আবেদন পাবার পর আপনার পুরনো কার্ড বাতিল করা হবে। ডুপ্লিকেট কার্ড-এর জন্য £10 ফী লাগবে।

ব্যর্থ অয়স্টার ফটোকার্ড-এর বদলে আরেকটি প্রদানের ক্ষেত্রে কোন চার্জ লাগবে না। যদি আপনার 18+ অয়স্টার ফটোকার্ড হারিয়ে যায় বা চুরি হয়ে যায়, তবে আপনি আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে একটি ডুপ্লিকেট ফটোকার্ড-এর জন্যও আবেদন করতে পারবেন। এক্ষেত্রে ডুপ্লিকেট কার্ড-এর জন্য £5 ফি লাগবে।

* বিটি আবাসিক গ্রাহকদের জন্য অয়স্টার হেল্প লাইনে প্রতি মিনিটে কলের খরচ 3.5 পেন্সের বেশী হবে না (বর্তমান জুলাই 2008-এ)। বিটি ছাড়া অন্য ফোন লাইন থেকে খরচ ভিন্ন হতে পারে।

বিহেভিয়ার কোড বা আচরণবিধি

বিহেভিয়ার কোড বা আচরণবিধি চাইল্ড, 11-15 বছর বয়সী, 14 বছরের কম বয়সী, 14-15 বছর বয়সী বা 16+ অয়স্টার ফটোকার্ড ব্যবহারকারী 11-18 বছর বয়সীদের ক্ষেত্রে প্রযোজ্য কিন্তু 18+ স্টুডেন্ট অয়স্টার ফটোকার্ডধারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

আপনি যখন লন্ডন ট্রান্সপোর্ট নেটওয়ার্কের মধ্যে অথবা এর আশেপাশে থাকেন, সবসময়:

সুবোধ হয়ে চলুন এবং অন্যের কাছ থেকে যেরকম ব্যবহার আশা করেন তেমন ব্যবহার আপনি তার সাথে করুন। আমরা যদি মনে করি যে আপনার আচরণ সমাজবিরোধী, তবে সেক্ষেত্রে আপনার পূর্ণ ভ্রমণ ছাড় প্রত্যাহার করে নেওয়া হতে পারে।

সমাজবিরোধী কাজের মধ্যে রয়েছে, কিন্তু সেগুলি এর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- আপনার নিজের সহ অন্যের নিরাপত্তাকে ঝুঁকিগ্রস্থ করা
- আক্রমণাত্মক এবং হুমকিমূলক ভাষা ব্যবহার করা
- আক্রমণাত্মক ব্যবহার, ভয় দেখানো বা অন্যদের হুমকি দেওয়া
- ধূমপান করা
- উচ্চস্বরে গান বাজানো
- অয়স্টার ফটোকার্ডটিকে বিকৃত বা এর ক্ষতি করা
- অন্য কাউকে আপনার ফটোকার্ডটি ব্যবহার করতে দেওয়া
- **লন্ডন পাবলিক ট্রান্সপোর্ট নেটওয়ার্কে, বা এর সাথে জড়িত, কোন অপরাধ, বিশেষত, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:**
  - শারীরিক বা মৌখিক আক্রমণ
  - বেআইনীভাবে কোন অস্ত্র বহন করা
  - লন্ডন পাবলিক ট্রান্সপোর্ট নেটওয়ার্ক বা এর অবকাঠামোতে অপরাধমূলক ক্ষতি সাধন করা বা অনধিকার প্রবেশ করা
  - চুরি,ডাকাতি বা সিঁদ কেটে চুরি করা
  - নিয়ন্ত্রিত মাদকের অপব্যবহার
- **এগুলো লঙ্ঘন করলে:**
  - লন্ডন রিজিওনাল ট্রান্সপোর্ট রেইলওয়েইজ, ডিএলআর, ক্রয়ডন ট্রামলিংক অথবা ন্যাশনাল রেইলওয়েইজ বাইল' সমুহ
  - পাবলিক সার্ভিস ভেহিকলস (কন্ডাক্ট অব ড্রাইভার্স, ইন্সপেক্টর্স, কন্ডাক্টর্স এবং পেসেনজার্স) রেগুলেশন 1990 এর ধারা 6 বা 7
  - ট্রান্সপোর্ট ফর লন্ডন-এর কন্ডিশনস অব ক্যারিজ।

অতি জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

অয়স্টার ফটোকার্ড-এর আবেদন প্রক্রিয়ায় কত সময় লাগে?

আবেদন প্রক্রিয়া শেষ হতে সাধারণত দুই সপ্তাহ সময় লাগে, তাই সময় হাতে নিয়ে আবেদন করা নিশ্চিত করবেন।

আমার একটি ট্রাভেলকার্ড আছে এবং আমি একটি মিশ্র বয়সের ছেলেমেয়েদের দলকে টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারওভারগ্রাউন্ড-এ-এ ভ্রমণ করাতে চাই। তাদের জন্য সবচেয়ে ভাল টিকেট কোনটি?

আপনার যদি একটি ট্রাভেলকার্ড থাকে তাহলে আপনি টিউব (Tube), ডিএলআর ও লন্ডন ওভারগ্রাউন্ড- এ অনূর্ধ্ব-11 বছরের চার জন পর্যন্ত শিশুকে **বিনামূল্যে** যেকোন সময় আপনার সাথে নিতে পারবেন এবং অফ-পিক সময়ে অনূর্ধ্ব-11-15 বছর বয়সী 4 জন পর্যন্ত শিশুকে প্রত্যেকের জন্য £1 (জোন 1-9 ডে ট্রাভেলকার্ড) পরিশোধ করে নিতে পারবেন।

আমার নিকটতম অয়স্টার টিকেট স্টপটি কোথায়?

আপনার নিকটতম অয়স্টার টিকেট স্টপটি খুঁজে পেতে **tfl.gov.uk/fares** ওয়েবসাইট দেখুন।

আমার কাছে একটি চাইল্ড, আন্ডার -14 বা 14-15 অয়স্টার ফটোকার্ড আছে, আমি কি এখনো এটি ব্যবহার করতে পারবো?

হ্যাঁ – মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত, তবে 5-10 বছর বয়সী টিউব (Tube), ডিএলআর এবং লন্ডন ওভারগ্রাউন্ড-এ সঙ্গী ছাড়া **বিনামূল্যে** ভ্রমণ করার জন্যে চাইল্ড বা আন্ডার-14 অয়স্টার ফটোকার্ড ব্যবহার করতে পারবে না।

বর্তমানে আমি 16+ ফটোকার্ড স্কীম-এ আছি কিন্তু আমার বিনামূল্যে ভ্রমণ সুবিধা শীঘ্রই মেয়াদ উত্তীর্ণ হবে। আমি কি করতে পারি?

যদি আপনি 16-18 হন, একটি লন্ডন বারাতে বসবাস করেন এবং মানসম্পন্ন পূর্ণকালীন পড়ালেখা বা প্রশিক্ষণ অব্যাহত রাখেন, তবে আপনি একটি 16+ অয়স্টার কার্ড সাথে নিয়ে বাস ও ট্রাম-এ **বিনামূল্যে** ভ্রমণের যোগ্য। আপনাকে 1 সেপ্টেম্বর বা 1 সেপ্টেম্বর-এর পর প্রত্যেক শিক্ষাবর্ষ শুরুতে **বিনামূল্যে** ভ্রমণ নবায়নের জন্য আবেদন করতে হবে। আপনি যদি পূর্ণকালীন পড়ালেখার মধ্যে না থাকেন, তবে আপনি কার্ড-এর পেছনে মুদ্রিত মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত সময় ভ্রমণে অর্ধেক পূর্ণবয়স্ক মূল্যে আপনার বর্তমান 16+ অয়স্টার ফটোকার্ড ব্যবহার করতে পারবেন।

স্কুল পার্টি ট্রাভেল স্কিম সম্পর্কে তথ্যের জন্য tfl.gov.uk/schoolparty ওয়েবসাইট দেখুন অথবা 0845 330 9876* নম্বর-এ ফোন করুন।

আরো সাহায্য

আরো তথ্যের জন্য অয়স্টার হেল্পলাইন **0845 330 9876*** (দৈনিক 0800 ঘটিকা -2000 ঘটিকা) নম্বর-এ ফোন করুন অথবা **tfl.gov.uk/zip** ওয়েবসাইট দেখুন।

আগস্ট 2008

মুদ্রণে যাওয়ার সময় সব তথ্যগুলো সঠিক। সবচেয়ে সাম্প্রতিক তথ্যের জন্য **tfl.gov.uk/zip** ওয়েবসাইট দেখুন।

ওয়েবসাইট

tfl.gov.uk/zip

অয়স্টার হেল্পলাইন নম্বর

0845 330 9876

* বিটি আবাসিক গ্রাহকদের জন্য অয়স্টার হেল্প লাইনে প্রতি মিনিটে কলের খরচ 3.5 পেন্সের বেশী হবে না (বর্তমান জুলাই 2008-এ)। বিটি ছাড়া অন্য ফোন লাইন থেকে খরচ ভিন্ন হতে পারে।